বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার,সেপ্টেম্বর ২২, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২২ সেপ্টেম্বর, ২০১৩/০৭ আশ্বিন, ১৪২০

**সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২২ সেপ্টেম্বর, ২০১৩ (০৭ আশ্বিন, ১৪২০) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:-**

## ২০১৩ সনের ৩৫ নং আইন

**Breast-Milk Substitutes (Regulation of Marketing) Ordinance, 1984 রহিত করিয়া সংশোধনসহ উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু Breast-Milk Substitutes (Regulation of Marketing) Ordinance, 1984 (Ordinance No. XXXIII of 1984) রহিত করিয়া সংশোধনসহ উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**- (১) এই আইন মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা** ।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,−

(ক) ‘‘ জাতীয় উপদেষ্টা কমিটি’’ অর্থ ধারা ৮ এর অধীন গঠিত জাতীয় উপদেষ্টা কমিটি;

(খ) ‘‘ধারণপাত্র’’ অর্থ যে কোন বাক্স, বোতল, ঝুড়ি, টিন, কৌটা, ব্যারেল, আধার (case), পাত্র, টিউব, গ- াস, মগ, বস্তা বা অন্য কোন সামগ্রী যাহাতে বিপণন, বিক্রয় বা বিতরণের জন্য মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য বা বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ভরা, পোরা বা রাখা হয়;

(গ) ‘‘নির্ধারিত’’ অর্থ বিধি দ্বারা নির্ধারিত;

(ঘ) ‘‘পরিচালক’’ অর্থ জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের পরিচালক;

(ঙ) ‘‘প্রচার’’ অর্থ যে কোন ধরনের মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি সংক্রান্ত পণ্য বিপণন, বিক্রয় বা বিতরণের জন্য উহার বিভিন্ন তথ্য আকর্ষণীয়ভাবে বিজ্ঞাপনের মাধ্যমে প্রচার;

(চ) ‘‘ ফৌজদারী কার্যবিধি’’ অর্থ Code of Criminal Procedure, 1898 (Act V of 1898);

(ছ) “মাতৃদুগ্ধ বিকল্প ” অর্থ মায়ের দুধের, আংশিক বা পরিপূর্ণ, বিকল্প হিসেবে প্রস্তুতকৃত, বিপণনকৃত বা অন্য কোনভাবে উপস্থাপিত, শিশুর জন্মের পর হইতে ৬ (ছয়) মাস বয়স পর্যন্ত, শিশুর যে কোন খাদ্য;

(জ) “শিশু খাদ্য” অর্থ আংশিক বা পরিপূর্ণ, বিকল্প হিসেবে প্রস্তুতকৃত, বিপণনকৃত বা অন্য কোনভাবে উপস্থাপিত, শিশুর পূর্ণ ৬ (ছয়) মাস বয়সের পর হইতে যে কোন খাদ্য;

(ঝ) ‘‘মোড়ক (label)’’ অর্থ কোন ধারণপাত্রের গায়ে সংযুক্ত বা অন্য কোনভাবে লাগানো লিখিত, চিহ্নযুক্ত, সিলমোহরকৃত, মুদ্রিত, চিত্রিত বা নকশাকৃত কোন প্রদর্শনী;

(ঞ) ‘‘বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য’’ অর্থ জন্মের ৬ (ছয়) মাস বয়সের পর হইতে ৫ (পাঁচ) বৎসর বয়স পর্যন্ত বয়সের শিশুর প্রয়োজন অনুযায়ী সঠিক পুষ্টি সমৃদ্ধ বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত যে কোন ধরনের খাদ্য, উহা যে নামেই অভিহিত হউক না কেন;

(ট) ‘‘বিজ্ঞাপন’’ অর্থে নোটিশ, পরিপত্র, খাম, মোড়ক বা অন্য কোন দলিলাদিসহ যে কোন প্রকার প্রিন্ট বা ইলেক্ট্রনিক মিডিয়া, ই-মেইল, ইন্টারনেট বা অন্য কোন মাধ্যমে লিখিত, ছাপানো, শব্দ বা আলোর মাধ্যমে কোন ঘোষণা বা উপস্থাপনাও অন্তর্ভুক্ত হইবে;

(ঠ) “ব্যক্তি” অর্থে কোম্পানী, সমিতি, সংস্থা, ব্যক্তিসমষ্টি, সংবিধিবদ্ধ হউক বা না হউক, মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদির আমদানিকারক, উৎপাদনকারী, বিপণনকারী, বিক্রয়কারী বা বিতরণকারীও অন্তর্ভুক্ত হইবে;

(ড) ‘‘স্বাস্থ্যকর্মী’’ অর্থ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, শিশু, শিশুর মা বা গর্ভবতী কোন নারীর স্বাস্থ্য সেবায় নিয়োজিত কোন ব্যক্তি;

(ঢ) ‘‘স্বাস্থ্য সেবা কেন্দ্র’’ অর্থ শিশু, শিশুর মা বা গর্ভবতী কোন নারীর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে স্বাস্থ্য পরিচর্যার কাজে নিয়োজিত কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান বা সংস্থা বা ক্লিনিক বা কোন ব্যক্তিগত চিকিৎসা প্রদান কেন্দ্র এবং শিশু-দিবা-যত্ন কেন্দ্র; নার্সারি বা অন্য কোন শিশু-যত্ন সুবিধাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

**৩। আইনের প্রাধান্য।**– আপাততঃ বলবৎ অন্য কোন আইন বা আইনের মর্যাদা সম্পন্ন অন্য কোন আইনগত দলিলে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

**৪। মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, ইত্যাদির বিষয়ে বিধি-নিষেধ**

(১) কোন ব্যক্তি মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদির আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণের উদ্দেশ্যে, কোন বিজ্ঞাপন মুদ্রণ, প্রদর্শন, প্রচার বা প্রকাশ করিবেন না বা অনুরূপ কোন কাজে নিজেকে নিয়োজিত করিবেন না।

(২) উপ-ধারা (১) এর সামগ্রিকতার আওতায়, বিশেষ করিয়া, অন্যান্য বিষয়ের মধ্যে, নিম্নবর্ণিত কর্মকান্ড পরিচালনা করা যাইবে না, যথাঃ-

(ক) জনগণের, বিশেষতঃ স্বাস্থ্য, পুষ্টি বা শিক্ষা ক্ষেত্রের সহিত জড়িত কোন ব্যক্তি, ছাত্র-ছাত্রী বা তাহাদের পরিবারের কোন সদস্যের, নিকট এমন কোন লিফলেট, হ্যান্ডবিল বা অনুরূপ কোন দলিল বিতরণ করা যাহাতে মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদির বিজ্ঞাপন রহিয়াছে;

(খ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদির বিক্রয় উৎসাহিত বা প্রলুব্ধ করিবার লক্ষ্যে-

(অ) কোন ব্যক্তিকে উপহার সামগ্রী, ডিসকাউন্ট কুপন, মূল্যহ্রাস বা বিনামূল্যে কোন সামগ্রী প্রদান বা প্রদানের জন্য কোনরূপ প্রস্তাব করা;

(আ) উহার প্রস্তুতকারী কর্তৃক আয়োজিত বা তাহাদের সহায়তায় (sponsor) কোন সেমিনার, কনফারেন্স, সিম্পোজিয়াম, কর্মশালা, প্রশিক্ষণ, বৈজ্ঞানিক সভা, শিক্ষা সফর বা আন্তর্জাতিক সম্মেলনে যোগদানসহ উচ্চ শিক্ষায় বা কোন গবেষণামূলক কর্মকান্ডে অংশগ্রহণের জন্য কোন ব্যক্তি বা স্বাস্থ্য সেবা কেন্দ্রের কোন কর্মকর্তা-কর্মচারী বা স্বাস্থ্যকর্মীকে কোনরূপ আর্থিক বা অন্য কোন সুবিধা প্রদান করা;

(ই) কোন স্বাস্থ্যকর্মী বা তাহার পরিবারের কোন সদস্যকে আর্থিক প্রলোভন বা অন্য কোন উপহার প্রদান করা;

(ঈ) কোন স্বাস্থ্য সেবা কেন্দ্র বা ঔষধ বিক্রয় কেন্দ্র ব্যবহার করা;

(গ) শিশুদের জন্য কোন ধরনের প্রতিযোগিতা বা কোন অনুষ্ঠানের আয়োজন বা অন্য কোনরূপ সহায়তা প্রদান করা;

(ঘ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য মাতৃদুগ্ধের বিকল্প, মাতৃদুগ্ধ অপেক্ষা উত্তম বা মাতৃদুগ্ধের সমকক্ষ এরূপ ধারনা দেওয়া বা বিশ্বাস সৃষ্টির উদ্দেশ্যে কোন কর্মসূচী পরিচালনা করা;

(ঙ) কোন গর্ভবতী মহিলা, মাতৃদুগ্ধদানকারী বা শিশুর মায়েদের সহিত সরাসরি যোগাযোগ করা বা কোন ধরনের প্রলোভনমূলক প্রস্তাব করা;

(চ) যে কোন পণ্যের বিশেষতঃ শিশু পণ্যের (যেমন, ডায়াপার, কাপড়, খেলনা, পুতুল, প্রসাধন সামগ্রী, টয়লেট্রিজ, ইত্যাদি) প্রচারের সময় মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদির প্রচার সম্পর্কিত কোন ধরণের লিফলেট বা উপহার সামগ্রী বিতরণ করা;

(ছ) দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ (২০১২ সনের ৩৪ নং আইন) এর ধারা ২ এর দফা (১১) তে সংজ্ঞায়িত দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্থ বা বিপদাপন্ন গর্ভবতী মহিলা, সদ্যপ্রসূত মহিলা, নবজাতক শিশু বা ৫ (পাঁচ) বৎসর বয়সের কোন শিশুকে সুরক্ষা বা উহাদের ঝুঁকি হ্রাস করিবার উদ্দেশ্যে কোন ব্যক্তি মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি কোন প্রতিষ্ঠান বা আশ্রয়কেন্দ্রে দান বা বিতরণ করা।

(জ) নির্ধারিত অন্য কোন কর্মকান্ড করা।

৫। **মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, ইত্যাদি আমদানী, স্থানীয়ভাবে উৎপাদন, বিক্রয় ইত্যাদি সংক্রান্ত বিধান।-** এই আইনের অধীন নিবন্ধন ব্যতীত কোন ব্যক্তি কোন প্রকার মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণ করিতে পারিবেন না।

৬। **মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, ইত্যাদি ধারণপাত্র ও মোড়কে প্রদেয় তথ্যাদি।-** (১) আপাততঃ বলবৎ অন্য কোন আইনের **বিধানাবলী** ক্ষুণ্ন না করিয়া, কোন ব্যক্তি মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি বিপণন, বিক্রয় ও বিতরণ করিতে পারিবেন না, যদি না উহার প্রত্যেক ধারণপাত্রে ও উহার সহিত সংযুক্ত মোড়কে সুস্পষ্ট, সহজে দৃশ্যমান, পাঠযোগ্য, বোধগম্য, সহজবোধ্য বাংলায় ও উজ্জ্বল রংয়ের লেখা দ্বারা "গুরুত্বপূর্ণ তথ্যাদি" শিরোনামাধীন নিম্নবর্ণিত তথ্য ও বিবরণাদি মুদ্রিত বা উল্লিখিত থাকে, যথা:-

(ক) পণ্যের নামের অব্যবহিত নিম্নে যে আয়তনের অক্ষরে উহার নাম মুদ্রিত হয় ঠিক সেই আয়তনের ''মায়ের দুধের বিকল্প বা উহার সমকক্ষ কিছুই নাই'' শীর্ষক একটি বিবৃতি;

(খ) ব্যাচ নম্বর, নিবন্ধন নম্বর এবং প্রস্তুতের ও মেয়াদ উত্তীর্ণের তারিখ;

(গ) প্রযোজ্য ক্ষেত্রে,''মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য শিশুর পুষ্টির মূল উৎস নহে'' বা ''বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য শিশুর পুষ্টির মূল উৎস নহে'' মর্মে একটি সর্তকবাণী;

(ঘ) ব্যবহৃত উপাদানসমূহ ও উহার বিশ্লেষণ;

(ঙ) সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনাবলী;

(চ) নির্ধারিত অন্য কোন বিবরণ।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত কোন ধারণপাত্র বা মোড়কে -

(ক) কোন শিশু বা শিশুর মা বা উভয়ের বা অন্য কোনরূপ ছবি থাকিতে পারিবে না;

(খ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যকে সহজে চিনিবার উদ্দেশ্যে কোন চিত্রলেখ বা কার্টুন চিত্র ব্যবহার করা যাইবে না;

(গ) শিশুর জন্য উপযুক্ত বা ব্যবহারযোগ্য বা অনুরূপ কোন শব্দ মুদ্রণ করা যাইবে না;

(ঘ) নির্ধারিত অন্য কোন বিবরণ মুদ্রণ বা ধারণ করা যাইবে না।

(৩) ধারণপাত্রের ভিত্তিতে মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের ব্যবহার বিধি সংক্রান্ত একটি নির্দেশিকা থাকিতে হইবে যাহাতে নির্ধারিত বিবরণাদির সুস্পষ্ট উলে- খ থাকিবে।

৭। **শিক্ষামূলক বা অন্যান্য তথ্যাদি**।- জন্ম-পূর্ববর্তী বা জন্ম-পরবর্তী সেবা দানের উদ্দেশ্যে কোন গর্ভবতী মহিলা বা মাতৃদুগ্ধদানকারী বা শিশুর মায়েদের সহিত যোগাযোগ স্থাপনের লক্ষ্যে লিখিত, দর্শনীয় বা শ্রবণীয় যে কোন শিক্ষামূলক বা তথ্যমূলক উপকরণে, অন্যান্য বিষয়ের মধ্যে,ন্মিবর্ণিত তথ্যাদি অন্তর্ভুক্ত থাকিতে হইবে-

(ক) মাতৃদুগ্ধের উপকারিতা এবং শ্রেষ্ঠত্ব সম্পর্কে ধারণা প্রদান;

(খ) যথাযথ পদ্ধতিতে মাতৃদুগ্ধ খাওয়ানো এবং উহার ধারাবাহিকতা বজায় রাখা;

(গ) জন্মের ১ (এক) ঘণ্টার মধ্যে মায়ের শাল দুধ খাওয়ানো, পূর্ণ ৬ (ছয়) মাস বয়স পর্যন্ত শুধু মাতৃদুগ্ধ খাওয়ানো, ৬ (ছয়) মাস পর মাতৃদুগ্ধের পাশাপাশি ঘরে তৈরি খাবার খাওয়ানোর উপকারিতা, এবং শিশুর পূর্ণ ২ (দুই) বৎসর বয়স পর্যন্ত মাতৃদুগ্ধ খাওয়ানোর প্রতি গুরুত্ব প্রদান;

(ঘ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য খাওয়ানোর জন্য ব্যবহৃত সরঞ্জামাদি (যেমন-বোতল, প্যাসিফায়ার, ইত্যাদি) নবজাতক শিশুর স্বাস্থ্যের জন্য কেন ক্ষতিকর সেই সংক্রান্ত তথ্য;

(ঙ) দেশীয় উপকরণ (যেমন-দেশীয়ভাবে উৎপাদিত ফলমূল, শাকসব্জি, মাছ, মাংস, দুধ, ডিম, ইত্যাদি) দ্বারা পরিপূরক খাদ্য সহজেই বাড়িতে তৈরি করা সম্ভব এবং উক্ত খাদ্য শিশুকে খাওয়ানোর ব্যাপারে উৎসাহিত করা বিষয়ক তথ্য;

(চ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ব্যবহারের ফলে মা ও শিশুর স্বাস্থ্যের ক্ষতি, রাষ্ট্রের সুনাগরিক গড়ে তোলার অন্তরায়, সামাজিক ও আর্থিক ক্ষতি এবং উহার কুফল সম্পর্কিত তথ্য;

(ছ) শিশুকে মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য খাওয়ানো শুর" করার পর আবার মাতৃদুগ্ধ গ্রহণের অভ্যাসে ফেরত যাওয়ার অসুবিধাসমূহ;

(জ) নির্ধারিত অন্য কোন বিষয়।

**৮। জাতীয় উপদেষ্টা কমিটি গঠন।-** (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, জাতীয় উপদেষ্টা কমিটি নামে একটি কমিটি থাকিবে।

(২) একজন চেয়ারম্যানসহ ০৯(নয়) সদস্যের সমন্বয়ে উক্ত কমিটি গঠিত হইবে।

(৩) কমিটির চেয়ারম্যান এবং সদস্যগণ ০৩ ( তিন) বৎসর মেয়াদে এবং সরকার কর্তৃক নির্ধারিত শর্তে মনোনীত হইবেন।

(৪) কমিটির সভা ও অন্যান্য কার্যাদি নির্ধারিত পদ্ধতিতে অনুষ্ঠিত হইবে।

(৫) জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান উক্ত কমিটির কার্য-সম্পাদনে প্রয়োজনীয় সাচিবিক ও অন্যান্য সহায়তা প্রদান করিবে।

**৯। কমিটির কার্যাবলী।-** জাতীয় উপদেষ্টা কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদির জন্য প্রযোজ্য আন্তর্জাতিক বিপণন বিধি (International Code of Marketing) ও তদ্‌সম্পর্কিত আন্তর্জাতিক মানদন্ড সম্পর্কে সরকারের যথাযথ পর্যবেক্ষণ ও কার্যক্রম গ্রহণের জন্য পরামর্শ প্রদান;

(খ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক অর্পিত বা নির্দেশিত বা নির্দিষ্টকৃত অন্যান্য কার্য সম্পাদন; এবং

(গ) নির্ধারিত অন্য কোন কার্য-সম্পাদন।

**১০। মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, ইত্যাদির নিবন্ধন।-** (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, পরিচালক মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের নিবন্ধন প্রদান করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন নিবন্ধন প্রাপ্তির জন্য প্রতিটি আবেদন উক্ত উপ-ধারায় উল্লিখিত পরিচালকের নিকট, নির্ধারিত পদ্ধতিতে, ফরমে, শর্তে ও ফিস প্রদানক্রমে, দাখিল করিতে হইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন দাখিলকৃত আবেদন, এই আইন ও তদধীন প্রণীত বিধির বিধান অনুসারে, বিবেচনাক্রমে, আবেদনপত্র দাখিলের ৬০ (ষাট) দিনের মধ্যে, নিবন্ধন প্রদান করিতে হইবে।

(৪) এই ধারার অধীন ইস্যুকৃত নিবন্ধন সনদে উহার মেয়াদ ও নিবন্ধনের জন্য প্রয়োজনীয় শর্তাবলী উলি- খিত থাকিবে।

(৫) উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত প্রতিটি নিবন্ধনের মেয়াদ হইবে নিবন্ধন প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর এবং উহা নির্ধারিত ফিস প্রদান সাপেক্ষে নির্ধারিত মেয়াদে নবায়নযোগ্য হইবে।

**১১। নিবন্ধন স্থগিত ও বাতিলকরণ, ইত্যাদি।-**

(১) এই আইন বা তদধীন প্রণীত বিধির কোন বিধান লংঘন করা হইলে বা নিবন্ধন সনদে উল্লিখিত কোন শর্ত ভঙ্গ করা হইলে বা নিবন্ধন প্রাপ্তির উদ্দেশ্যে কোন ভুল বা অসত্য তথ্য প্রদান করা হইলে পরিচালক, নির্ধারিত পদ্ধতিতে, নিবন্ধন স্থগিত বা, ক্ষেত্রমত, বাতিল করিতে পারিবেন।

(২) নিবন্ধন গ্রহীতাকে অন্যূন ১৫ (পনের) দিনের কারণ দর্শানোর সুযোগ প্রদান না করিয়া উপ-ধারা (১) এর অধীন কোন নিবন্ধন স্থগিত বা, ক্ষেত্রমত, বাতিল করা যাইবে না।

(৩) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত কোন আদেশ দ্বারা কোন নিবন্ধন গ্রহীতা সংক্ষুব্ধ হইলে তিনি আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপীল করিতে পারিবেন।

(৪) উপ-ধারা (৩) এর অধীন আপীল আবেদন দাখিলের সময় হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে এতদ্‌বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিতে হইবে; এবং উক্ত বিষয়ে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

১২। **দন্ড**।-

(১) যদি কোন ব্যক্তি এই আইনের কোন বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর কারাদন্ড বা অনূর্ধ্ব ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডনীয় হইবেন।

(২) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদির কারণে কোন শিশু অসুস্থ হইলে বা মৃত্যুবরণ করিলে উহা হইবে এই আইনের অধীন একটি শাস্তিযোগ্য অপরাধ এবং তজ্জন্য উক্ত মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদির প্রস্তুতকৃত কোম্পানী ১০ (দশ) বৎসর কারাদন্ড বা অনূর্ধ্ব ৫০,০০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডনীয় হইবে এবং অর্থদন্ড ক্ষতিপূরণ হিসেবে ক্ষতিগ্রস্ত শিশুর পরিবারকে নির্ধারিত পদ্ধতিতে প্রদান করা হইবে।

**১৩। অপরাধ পুনঃ সংঘটনের দন্ড**।- এই আইনে উলি- খিত কোন অপরাধের জন্য কোন ব্যক্তি দ্বিতীয় বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করিলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দন্ডের দ্বিগুন হারে দন্ডনীয় হইবেন।

১৪। **কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন**।-(১) কোন কোম্পানী কর্তৃক এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইলে উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানীর এমন প্রত্যেক পরিচালক, ম্যানেজার, সচিব, অংশীদার, কর্মকর্তা এবং কর্মচারী উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে হইয়াছে বা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত কোম্পানী আইনগত ব্যক্তিস্বত্বাবিশিষ্ট সংস্থা (body corporate) হইলে, উক্ত উপ-ধারায় উল্লিখিত ব্যক্তিকে অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা ছাড়াও উক্ত কোম্পানীকে আলাদাভাবে একই কার্যধারায় অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা যাইবে, তবে ফৌজদারী মামলায় উহার উপর সংশি- ষ্ট বিধান অনুসারে শুধু অর্থদন্ড আরোপ করা যাইবে।

**ব্যাখ্যা**- এই ধারায়-

(ক) ''কোম্পানী'' অর্থে কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি, সংঘ এবং সংগঠনও অন্তর্ভুক্ত;

(খ) বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে, ''পরিচালক'' অর্থে উহার কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যও অন্তর্ভুক্ত।

১৫। **অপরাধের সহিত সংশি- ষ্ট বস্তু, যন্ত্রপাতি, ইত্যাদি বাজেয়াপ্তকরণ**।- এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইলে, যে সকল বস্তু, পণ্য-সামগ্রী, যন্ত্রপাতি বা অন্য যে কোন বস্তু সহযোগে উক্ত অপরাধ সংঘটিত হইয়াছে সেইগুলি বাজেয়াপ্তযোগ্য বা, ক্ষেত্রমত, বিনষ্টযোগ্য হইবে।

১৬। **প্রবেশ, ইত্যাদির ক্ষমতা**।- পরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা, এই আইন বা তদধীন প্রণীত বিধির বিধান সাপেক্ষে, যুক্তিসঙ্গত সময়ে, অপরাধের সহিত সম্পৃক্ত কোন বস্তু বা পণ্য কোন ভবন, গোডাউন বা কোন স্থানে লুকানো বা রাখা হইয়াছে বা গুদামজাত করা হইয়াছে বা হইতেছে এইরূপ যে কোন স্থান বা যানবাহনে প্রবেশ করিতে বা তল- াশী করিতে পারিবেন।

১৭। **ফৌজদারী কার্যবিধির প্রয়োগ**।-এই আইনের অধীন কোন অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, বিচার ও আপীল নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হইবে।

১৮। **২০০৯ সনের ৫৯ নং আইনের প্রয়োগ**।- এই আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন অপরাধ মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) অনুসারে বিচার করা যাইবে।

১৯। **অর্থদন্ড সম্পর্কে বিশেষ বিধান**।- ফৌজদারী কার্যবিধিতে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তির উপর ধারা **১২** এর অধীন অর্থদন্ড আরোপের ক্ষেত্রে দন্ড আরোপকারী আদালত উক্ত ধারায় উলি- খিত অর্থদন্ড আরোপ করিতে পারিবে।

২০। **অপরাধের আমলযোগ্যতা ও জামিনঅযোগ্যতা**।- ফৌজদারী কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন অপরাধসমূহ আমলযোগ্য ও জামিনঅযোগ্য হইবে।

২১। **বিধি প্রণয়ণের ক্ষমতা**।- এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২২। **অসুবিধা দূরীকরণ**।- এই আইনের কোন বিধানের অস্পষ্টতার কারণে উহা কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে, সরকার এই আইনের অন্যান্য বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া, সরকারি গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক উক্ত বিষয়ে করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করিতে পারিবে।

২৩। **ইংরেজীতে অনুদিত পাঠ প্রকাশ**।- (১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনূদিত একটি পাঠ প্রকাশ করিবে, যাহা এই আইনের অনুমোদিত ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

২৪। **রহিতকরণ ও হেফাজত**।- (১) The Breast-Milk Substitutes (Regulation of Marketing) Ordinance, 1984 (Ordinance No. XXXIII of 1984) এতদদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ স্বত্বেও, রহিত আইনের অধীন কোন মামলা বিচারাধীন থাকিলে বা অন্য কোন কার্যধারা চলমান থাকিলে তখনকার বিদ্যমান আইনের অধীনে উহা নিষ্পত্তি হইবে।

**মোঃ মাহ্‌ফুজুর রহমান**
**সচিব**